# আন-নাজম | An-Najm | اَلنَّجْم

আয়াতঃ ৫৩ : ৪৮

## আরবি মূল আয়াত:

وَ اَنَّهٗ هُوَ اَغۡنٰی وَ اَقۡنٰی ﴿۴۸﴾

## অনুবাদসমূহ:

আর তিনিই অভাবমুক্ত করেন ও সম্পদ দান করেন। — আল-বায়ান

আর এই যে, তিনিই অভাবমুক্ত করেন আর সম্পদ দেন, — তাইসিরুল

আর এই যে, তিনিই অভাবমুক্ত করেন ও সম্পদ দান করেন। — মুজিবুর রহমান

And that it is He who enriches and suffices — Sahih International

৪৮. আর এই যে, তিনিই অভাবমুক্ত করেন এবং সম্পদ দান করেন(১),

(১) غناء শব্দের অর্থ ধনাঢ্যতা এবং أغنى শব্দের অর্থ অপরকে ধনাঢ্য করা। أقنى শব্দটি قنية থেকে উদ্ভূত। এর অর্থ সংরক্ষিত ও রিজার্ভ সম্পদ। [আততাহরীর ওয়াত তানওয়ীর] আয়াতের উদ্দেশ্য এই যে, আল্লাহ তা'আলাই মানুষকে ধনবান ও অভাবমুক্ত করেন এবং তিনিই যাকে ইচ্ছা সম্পদ দান করেন; যাতে সে তা সংরক্ষিত করে। [মুয়াস্‌সার]

তাফসীরে জাকারিয়া

(৪৮) আর এই যে, তিনিই অভাবমুক্ত করেন ও সম্পদ দান করেন, [1]

[1] অর্থাৎ, কাউকে এত ধন-সম্পদ দান করেন যে, সে কারো মুখাপেক্ষী হয় না এবং তার যাবতীয় প্রয়োজন পূরণ হয়ে যায়। আর কাউকে এত সম্পদ দেন যে, তার নিকট প্রয়োজনের অতিরিক্ত বেঁচে যায় এবং সে তা সংরক্ষিত রাখে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4832

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন